



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি  
গুলফেশী প্লাজা (৭ম তলা)  
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক  
বড় মগবাজার, রমনা  
ঢাকা-১২১৭।

এমআরএ/সার্কুলার লেটার নং-রেগু-৪৫

তারিখ: ২৭ পৌষ ১৪২৪ বাংলা  
১০ জানুয়ারী ২০১৮ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা  
সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান


**বিষয়ঃ- শীতাত্তদের সহায়তাকরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বর্তমানে দেশের উত্তর-পশ্চিমাঞ্চলসহ সারাদেশের উপর দিয়ে প্রবল শৈত্য প্রবাহ বয়ে যাচ্ছে। এমনকি এ বছর সর্বনিম্ন তাপমাত্রা দেশের বিগত ৫০ বছরের রেকর্ড অতিক্রম করেছে মর্মেও সংবাদ প্রকাশিত হয়েছে। ফলে প্রচণ্ড শীতে দরিদ্র জনগোষ্ঠি অতি কষ্টে দিনাতিপাত করছে। উল্লেখ্য, প্রত্যেক বছর সরকারের পাশাপাশি ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহও শীতাত্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করে থাকে। কিন্তু এ বছর এ জাতীয় কার্যক্রম পরিলক্ষিত হচ্ছে না।

বর্ণিত অবস্থায়, স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় সাধনের মাধ্যমে উত্তর-পশ্চিমাঞ্চলসহ শীত কবলিত এলাকায় আপনাদের প্রতিষ্ঠানের গ্রাহকসহ শীতাত্ত দরিদ্র জনগোষ্ঠির মাঝে ক্ষুদ্রঋণ কার্যক্রমের উদ্বৃত্ত তহবিল হতে সামর্থ অনুযায়ী অর্থ ব্যয়ে শীতবস্ত্র বিতরণ করার জন্য অনুরোধ করা হলো। এ বিষয়ে কার্যক্রম গ্রহণের পরবর্তী ০১ (এক) মাসের মধ্যে বিস্তারিত তথ্য ও দলিলাদিসহ ব্যয়কৃত অর্থের কার্যোত্তর অনুমোদন গ্রহণ করার জন্যও আপনাদেরকে অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

  
(মোহাম্মদ আবদুল হক)  
পরিচালক  
ফোনঃ ৮৩৩২৬৭৭

নম্বর- ৫৩.০৪.০০০০.০০৯.০১.০০৩.১৮- ১১১ (৭০৪)

তারিখঃ ১০/০১/২০১৮ইং

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১. সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
৩. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
৫. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, কারওয়ান বাজার, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
৭. পিএস টু গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা (গভর্নর মহোদয়ের জ্ঞাতার্থে)।

  
পরিচালক